

## মুক্তিযোদ্ধা কোটায় ৫ম নির্বাচন ও ভর্তি বিজ্ঞপ্তি এবং নির্বাচিত ভর্তিচ্ছুদের তালিকা

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ-এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে মুক্তিযোদ্ধা কোটায় ৬ষ্ঠ নির্বাচন ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হল।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ২২-০৯-২০২৩ সকাল ৯:০০ থেকে দুপুর ৩:০০টার মধ্যে ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং আগামী ২৪-০৯-২০২৩ সকাল ৯:০০ থেকে দুপুর ২:০০টার মধ্যে সভাকক্ষ, জীব বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪১২, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবনে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২৪ সেপ্টেম্বর ২০২৩ বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া শেষ হচ্ছে। ভবিষ্যতে ভর্তি বাতিলের কারণে উল্লেখযোগ্য সংখ্যক আসন শূন্য হলে এবং তা পূরণের জন্য ভর্তির সময় বৃদ্ধি হলে ভর্তি ওয়েবসাইট-এ জানানো হবে। এজন্য আগামী কয়েক সপ্তাহ ভর্তি ওয়েবসাইট ও মোবাইলের দিকে দৃষ্টি রাখার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

### ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৪৩১.০০ টাকা (পাঁচ হাজার চারশত একত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। [টাকা জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।]
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (২২-০৯-২০২৩, সকাল ৯:০০ থেকে দুপুর ৩:০০টার মধ্যে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
- ২৪ সেপ্টেম্বর ২০২৩ সকাল ৯:৩০ থেকে দুপুর ২:০০টার মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে উপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
  - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
  - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
  - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
  - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
  - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি [জমা দিতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২১ সেপ্টেম্বর ২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ শহিদুল আলম)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি ও  
ডীন, জীববিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়  
সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি 5077 বা Faculty of Biological Sciences, RU টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ভর্তি পরীক্ষার রোল নাম্বার দিন।
৫. টাকার পরিমাণ (1000) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

বিশেষ দ্রষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের প্রিন্ট কপি অথবা বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি অনুষদ অফিসে জমা দিতে হবে।

**List of Selected Candidate for FFQ**

Group	roll	fullname	FFQ-Status	rank	status
C-2	31249	JOYETA AFRIN KABBO	FFQ-G	5185	Selected: GEM
C-2	53973	MD. RAHAT	FFQ-G	4937	Selected: APM
C-NS	90411	MORIOM	FFQ-G	1010	Selected: PES